



## সংবাদ বিজ্ঞপ্তি

### নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের শিক্ষকদের সঙ্গে উপাচার্যের মতবিনিময়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বিজ্ঞান অনুষদের শিক্ষকদের সঙ্গে মতবিনিময় সভা করেছেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ বৃহস্পতিবার (২৪ অক্টোবর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। নোবিপ্রবি বিজ্ঞান অনুষদের ১৫টি বিভাগের চেয়ারম্যান ও অন্যান্য শিক্ষকবৃন্দ মতবিনিময় সভায় অংশ নেয়।

সভায় প্রধান অতিথি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, বিশ্ববিদ্যালয়ে একাডেমিক কাজ পরিচালনা করতে গিয়ে নানা সমস্যা ও বাধা বিপত্তি আসতে পারে। নিজেদের মধ্যে সমাধানের সুযোগ থাকলে সেই সমস্যাগুলো সমাধান করে ফেলতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় প্রশাসন আপনাদেরকে সর্বাত্মক সহযোগিতা করবে। আর অবশিষ্ট সমস্যাগুলো নিয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন নিরলস কাজ করছে। যেমন, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, ক্লাসরুম সংকট নিরসন ইত্যাদি। এছাড়াও একাডেমিক বিল্ডিং-৩ এর নির্মাণ কাজ চলমান রয়েছে এবং বিএনসিসি ভবনের ৩য় ও ৪র্থ তলার কাজ নির্মাণাধীন। এছাড়াও অগ্রণী ব্যাংকের সাথে আমাদের ১০ তলা ভীতের একটি ভবন নির্মাণের চুক্তি হয়েছে এবং তা অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। তাছাড়াও বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের আবাসন সংকট নিরসনে হল সংখ্যা বৃদ্ধির চেষ্টা চলমান রয়েছে। ডে-কেয়ার সেন্টারকে আরো উন্নত করা এবং ল্যঙ্গুয়েজ ইনস্টিটিউট করার চেষ্টা চলছে।

এসময় শিক্ষকদের উদ্দেশ্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আপনারা ক্লাসরুম সংকট নিরসনে উন্নত বিশ্বের ন্যায় সেন্ট্রাল ক্লাসরুম পদ্ধতি অনুসরণ করতে পারেন। এতে আমাদের শিক্ষার্থীরা উপকৃত হবে। আপনারা যত বেশী ইমপ্যাক্ট ফ্যাক্টর জার্নালে পাবলিকেশন করবেন তত বেশী ফান্ড পাবেন। বাইরের ফান্ডিং আনার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় প্রশাসন আপনাদের সর্বোচ্চ সহযোগিতা করবে। এই বিশ্ববিদ্যালয়টি আমাদের সকলের, সবাই মিলে নোবিপ্রবিকে র্যাঙ্কিং এ আরও এগিয়ে নিতে আমাদের সচেষ্ট থাকতে হবে।

বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বিশেষ অতিথি নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম ও শিক্ষা প্রশাসন অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪